

## বিশ্ববিদ্যালয়গুলোকে সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে: শিক্ষামন্ত্রী

[m.bdnews24.com/bn/detail/bangladesh/1449924](http://m.bdnews24.com/bn/detail/bangladesh/1449924)



শনিবার বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তনে তিনি বলেন, “কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশিদিন চলতে পারবে না।

“যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয় সফল হতে পারেনি, বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা মূনাফার লক্ষ্য নিয়ে চলতে চান, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনও যায়নি, যারা একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছেন, তাদের বিরুদ্ধে অব্যাহত চাপ রেখেও সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে।

“এজন্য তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া তারা কোনো পথ খোলা রাখেনি।”

এসময় সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মূনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

এছাড়াও দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সব ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অনুরোধ জানান মন্ত্রী।

নাহিদ বলেন, “সমকালীন বিশ্বের সাথে তাল মিলিয়ে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার্থীদের আধুনিক জ্ঞান বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত হতে হবে।”

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদেরকে ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে আত্মনিয়োগ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব আহমেদ কায়কাউস।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চার জন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান প্রমুখ।